



মহাসড়কে চাঁদাবাজি-ছিনতাই বন্ধে কঠোর বার্তা আইজিপি



সংগৃহীত ছবি

চাঁদাবাজি, ছিনতাই ও মাদকের বিরুদ্ধে আপসহীন অবস্থানের ঘোষণা দিয়েছেন নবনিযুক্ত পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির। মাঠপর্যায়ের কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি স্পষ্টভাবে বলেছেন, এসব অপরাধ দমনে দৃশ্যমান ও কার্যকর ব্যবস্থা নিতে হবে।

সোমবার (২ মার্চ) সকালে পুলিশ হেডকোয়ার্টার্স থেকে অনলাইনে দেশের সব জেলার পুলিশ সুপারদের সঙ্গে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে মতবিনিময় সভায় তিনি এ নির্দেশনা দেন। আইজিপি জোর দিয়ে বলেন, মহাসড়কে চাঁদাবাজি, ছিনতাই ও ডাকাতি কোনোভাবেই সহ্য করা হবে না। হাইওয়ে পুলিশের পাশাপাশি জেলা পুলিশকেও সড়কপথে নজরদারি ও টহল জোরদার করতে হবে।

আসন্ন ঈদকে সামনে রেখে ঘরমুখো মানুষের নিরাপদ যাতায়াত নিশ্চিতের নির্দেশ দেন তিনি। যানজট নিয়ন্ত্রণ, শৃঙ্খলা বজায় রাখা এবং যাত্রীদের নির্বিঘ্নে গন্তব্যে পৌঁছানো ও ফেরার ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের প্রস্তুত থাকার কথা বলেন।

থানায় সেবা নিতে আসা সাধারণ মানুষের সঙ্গে মানবিক আচরণের ওপরও গুরুত্বারোপ করেন আইজিপি। তিনি বলেন, সেবাগ্রহীতারা যেন সম্মত মনে থানা থেকে বের হন, সে পরিবেশ তৈরি করতে হবে। নিরপরাধ কাউকে হয়রানি না করার ব্যাপারেও কড়া নির্দেশনা দেন তিনি।

সবশেষে সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে নিরাপদ দেশ গঠনে জেলা পুলিশ সুপারদের একযোগে কাজ করার আহ্বান জানান আইজিপি। সভায় পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপিসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।